গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

স্মারক নং ৫১.০১.৩৮৪৭.০০০.৪২.০২৯.২১. ৪৭ তারিখঃ ২২/০৩/২০২১ খ্রি.

বিষয়ঃ "মুজিব শতবর্ষে বিশেষ বরাদ্দ" হিসাবে ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদভিত্তিক ৩য় পর্যায়ে নগদ অর্থের পুনঃবরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৫১.০১.০০০০.০১২.১৪.২২৬.২১.৬০, তাং ২০/০৩/২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, "মুজিব শতবর্ষে বিশেষ বরাদ্দ" ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদভিত্তিক ৩য় পর্যায়ে অত্র উপজেলায় =২৫,৭০,৯৩২.৫৪ (পঁচিশ লক্ষ সত্তর হাজার নয় শত বত্রিশ টাকা পাঁচ চার) নগদ অর্থের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত নগদ অর্থ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির সর্বশেষ সংশোধিত নির্দেশিকা পরিপূর্নভাবে বিধি বিধান অনুসরন করে ২০% রিজার্ভ রেখে অবশিষ্ট ইউনিয়নওয়ারী ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী ও ছক মোতাবেক পুনঃবরাদ্দ প্রদান করা হলো। টিআর কর্মসূচীর আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা হতে বরাদ্দের বিপরীতে প্রকল্প বাছাই পূর্বক গৃহীত প্রকল্প তালিকা যা "ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি"র সভায় অনুমোদিত, সভার রেজুলেশন ও প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ আগামী ৩০/০৩/২০২১খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসের ত্রাণ শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত নগদ টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ধলাহার | ১৫৩৪০০.০০ | |
| ২। | দোগাছি | ২৮৭৩০০.০০ | |
| ৩। | ভাদসা | ২৯০১০০.০০ | |
| ৪। | মোহাম্মদাবাদ | ১৪২৯০০.০০ | |
| ৫। | পুরানাপৈল | ২৪৪০০০.০০ | |
| ৬। | আমদই | ২৩২৯০০.০০ | |
| ৭। | বম্বু | ২৩০৫০০.০০ | |
| ৮। | জামালপুর | ২০৩০০০.০০ | |
| ৯। | চকবরকত | ১৫২৬৪৬.৫৪ | |
| | ২০% রিজার্ভ | ৫১৪১৮৬.০০ | |
| সর্বমোট= | | ২৫,৭০,৯৩২.৫৪ | |

শর্তাবলীঃ-

১। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির সর্বশেষ সংশোধিত নির্দেশিকা পরিপূর্নভাবে বিধি বিধান অনুসরন করতে হবে।

২। এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান/জনকল্যাণমুলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা /বাধঁ/রাস্তা মেরামত করা যাবে।

৩। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর একটি প্রকল্পে সর্বনিম্ন =৪৪,৮০০/- নগদ টাকা এবং সর্বোচ্চ ৩,০২,৮৮৯/- নগদ টাকা বরাদ্দ করা যাবে।

৪। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকায় নির্বাচিত সদস্যকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মত মসজিদ, মন্দিরের প্রকল্পের ক্ষেত্রে ইমাম/পুরোহিত কে পিআইসির সভাপতি করতে হবে।

৫। প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন প্রণালীঃ-(ক) প্রত্যেক প্রকল্পের জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে। সাধারণ বরাদ্দের প্রতিষ্ঠান বহির্ভুত প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করবেন। কমিটিতে ইউপি সদস্য/মহিলা সদস্য ছাড়াও একজন স্কুলশিক্ষক (বেসরকারী), একজন মসজিদের ইমাম, একজন সমাজকর্মী ও একজন গন্যমান্য ব্যক্তি থাকবেন।

(খ) স্কুল/কলেজ/মসজিদ/মাদ্রাসা/মন্দির/এতিমখানা ও অন্যান্য সমাজকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/গভার্নিংবডির সদস্যের মধ্যে হতে ৫ সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি করতে হবে।

৬। একই অর্থ বছরে কোন ব্যক্তি তিনটির অধিক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হতে পারবেন না। একই অর্থ বছরে কোন ইউনিয়ন/পৌরসভায় তিনটির অধিক প্রকল্প থাকলে কমপক্ষে এক চর্তুথাংশ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি সংশ্লিষ্ট মহিলা সদস্য/কাউন্সিলরদের মধ্যে হতে করতে হবে ।

৭। ইতিপূর্বে কাবিখা /টি, আর/ভিজিডি/ ভি, জি, এফ কর্মসূচীর খাদ্যশস্য/ত্রাণ সামগ্রী বা অর্থ ও মালামালসহ কোন প্রকার সরকারী সম্পদ আত্নসাতের অপরাধে যাদের বিরুদ্ধে মামলা চলছে বা তদন্ত হচ্ছে বা যারা মাষ্টার রোল/বিল ভাউচারসহ অন্যান্য কাগজপত্রাদি দাখিল করেন নি তাদেরকে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি/ সদস্য হিসেবে মনোনীত করা যাবে না ।

(এস. এম সোলায়মান আলী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জয়পুরহাট সদর, জয়পুরহাট।
২৪/০৩/২১

চেয়ারম্যান
ধলাহার/দোগাছি/ভাদসা/মোহাম্মদাবাদ/পুরানাপৈল
/আমদই/বম্বু/জামালপুর/চকবরকত ইউনিয়র পরিষদ,
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যাথেঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩৪, জয়পুরহাট-১।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকতা, জয়পুরহাট।
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

স্মারক নং-৫১.০১.৩৮৪৭.০০০.৪২.০২৮.২১. ৪৮ তারিখঃ ২২/০৩/২০২১খ্রি.

বিষয়: "মুজিব শতবর্ষে বিশেষ বরাদ্দ" হিসাবে ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক ৩য় পর্যায়ে ইউনিয়নওয়ারী নগদ টাকার পুনঃবরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৫১.০০.০০০০.০১১.১৪.১৯১.২১.১২৫ তাং ২০/০৩/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, "মুজিব শতবর্ষে বিশেষ বরাদ্দ" হিসাবে ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক ৩য় পর্যায়ে অত্র উপজেলায় =৪৫,০৬,৭৮৭.০৯ (পয়তাল্লিশ লক্ষ ছয় হাজার সাত শত সাতাশি টাকা শুন্য নয়) নগদ টাকার বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত নগদ টাকা গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির সর্বশেষ সংশোধিত নির্দেশিকা পরিপূর্নভাবে বিধিবিধান অনুসরন করে ২০% রিজার্ভ রেখে অবশিষ্ট ইউনিয়নওয়ারী ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী ও ছক মোতাবেক পুনঃবরাদ্দ প্রদান করা হলো। কাবিটা কর্মসূচীর আওতায় বাস্তবায়নযোগ্য প্রকল্পের অগ্রাধিকার তালিকা হতে বরাদ্দের বিপরীতে প্রকল্প বাছাই পূর্বক গৃহীত প্রকল্প তালিকা যা "ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি"র সভায় অনুমোদিত, সভার রেজুলেশন ও প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ আগামী ৩০/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে ত্রাণ শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃনং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ধলাহার | ২৬৫৯০০.০০ | |
| ২. | দোগাছি | ৪৯৭১০০.০০ | |
| ৩. | ভাদসা | ৫০২৩০০.০০ | |
| ৪. | মোহাম্মদাবাদ | ২৪৭৩০০.০০ | |
| ৫. | পুরানাপৈল | ৪২২২০০.০০ | |
| ৬. | আমদই | ৪০২৩০০.০০ | |
| ৭. | বম্বু | ৩৯৮৯০০.০০ | |
| ৮. | জামালপুর | ৩৫১৩০০.০০ | |
| ৯. | চকবরকত | ২৬৪১৩০.০৯ | |
| ১০. | ২০% রিজার্ভ | ৯০১৩৫৭.০০ | |
| | সর্বমোট= | ৪৫,০৬,৭৮৭.০৯ | |

শর্তাবলীঃ-

১। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির সংশোধিত নির্দেশিকার বিধি বিধান পরিপূর্ণভাবে অনুসরন করতে হবে।
২। এ বরাদ্দের অর্থ দ্বারা পুকুর/খাল খনন/পুনখনন, রাস্তা নির্মাণ/পুননির্মাণ, সেচনালা খনন/পুনখনন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মাঠে মাঠি ভরাট, মাটির কিল্লা নির্মাণ/পুননির্মাণ কাজের জন্য প্রকল্প গ্রহন করা যাবে।

৩। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচীর একটি প্রকল্পে সর্বনিম্ন =২,০০,০০০/- নগদ টাকার বরাদ্দ দেয়া যাবে।

৪। প্রত্যেক কমিটিতে অন্ততঃপক্ষে একজন মহিলা সদস্য থাকবে। কমিটিতে প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ডের নিকটবর্তী কোন ওয়ার্ডের যে কোন একজন নির্বচিত সদস্য, স্কুল শিক্ষক (বেসরকারী) ও আনছার ভিডিপির সদস্য থাকবেন (প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিসহ সদস্য সংখ্যা ৫ হবে) ।

৫। একই অর্থ বছরে কোন ইউনিয়নে তিনটির অধিক প্রকল্প থাকলে কমপক্ষে একটি প্রকল্পের সভাপতি মহিলা সদস্য হতে হবে।

৬। কোন অবস্থাতেই এক ব্যক্তি দুইটির বেশী গ্রা.অ. স কর্মসূচির (কাবিখা) প্রকল্প সভাপতি হতে পারবে না এবং কোন সরকারী কর্মচারী প্রকল্প কমিটিতে অন্তর্ভুক্ত হতে পারবে না।

৭। ইতিপূর্বে কাবিখা/ টি, আর/ভিজিডি/ভিজিএফ কর্মসূচীর খাদ্যশস্য/ ত্রাণ সামগ্রী বা অর্থ ও মালামালসহ কোন প্রকার সরকারী আত্নসাতের অপরাধে যাদের বিরুদ্ধে মামলা চলছে বা তদন্ত হচ্ছে বা যারা মাষ্টার রোল/বিল ভাউচারসহ অন্যান্য কাগজপত্রাদি দাখিল করে নাই অথবা ব্যয়িত খাদ্যশস্যের সামঞ্জস্যপূর্ণ কাজের হিসাব সংশিষ্ট কর্মকর্তাদের নিকট বুঝিয়ে দিতে অসমর্থ হয়ে থাকে তবে তাদের কাউকে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি/সদস্য হিসেবে মনোনীত করা যাবে না ।

(এসএম সোলায়মান আলী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

চেয়ারম্যান........................ (সকল)
ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যাথেঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩৪, জয়পুরহাট-১।
২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকতা, জয়পুরহাট।
৫। অফিস কপি।